



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৫-১১৪০৩



নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/ ২০৭০২

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/২৩৫০; তারিখঃ ০৬/০২/২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ০৫.১০.০৬০৭.০০০.০৭.০০১.১৬-৬৪১; তারিখঃ ২৯/০৬/২০১৭খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/২৬৯১; তারিখঃ ২২/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদ্রাসার সভাপতি জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে মাদ্রাসার অর্থ আত্মসাৎ, অশোভনীয় আচরণ, ক্ষমতার অপব্যবহার, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ আনয়ন করে কমিটির ০৭ (সাত) জন সদস্য পদত্যাগ করেন। এছাড়া কমিটির ০৬জন সদস্য সভাপতি বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃথকভাবে আবেদন করেন। স্থানীয় মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ বেগম নাসরিন জাহান রতনা একই বিষয় উল্লেখ করে কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করায় বর্তমান ম্যানেজিং কমিটি বাতিল করার জন্য ডিও লেটার প্রেরণ করেন।

অভিযোগসমূহের সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশালকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, উত্থাপিত অভিযোগসমূহ সঠিক মর্মে প্রমানিত হয়েছে। ফলে বর্তমান ম্যানেজিং কমিটি বাতিল করা যেতে পারে মর্মে সুপারিশ করা হয়।

তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের ভিত্তিতে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য সভাপতি ও সুপারকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রতিষ্ঠাতা সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের ভিত্তিতে জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৭৫৯/নথি নং- বরিশাল-১৮; তারিখঃ ২৮/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ (ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি), হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল।
২) সুপার (ভারপ্রাপ্ত), হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল।

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/ ২০৭০২

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪